আমার কল্পনায় ওই আমি

Introduction

Title: Amara Kalpanaya Oi Ami

Author: Tajul Isalm Apurbo

Topic: diary

Why did you choose this diary?

I am nothing special ; of this I am sure . I am a common man with common thoughts , and I've led a common life .

আমি গভীর কল্পনা প্রবল তাই আমি একটা কল্পনা বিলাসী জগতে সারাক্ষন ডুবে থাকি।

নিজের মতো নিজেকে চিনা

ঠিক যেন আমি আমার মতো। আমার বয়সটাও তত বেশি নয়। আমি ১৯ বছর বয়সী এক তরুণ যার রয়েছে উষ্চ আকাঙ্ক্ষা যা কোন সম্পদের জন্য নয় বরং মানুষকে চিনার জন্য ও মানুষের কষ্টের দূর করার জন্য। আমি যদি বলি আমি তত বেশি কিছু জানি না এবং আপনি যদি আশা করে থাকে আমার এই লেখা পড়ে কিছু শিখতে পারবেন তা হবে নিছক দূরস্বপ্নের মতো। আমি এখানে লেখব

আমরা বাস্তবিক জীবনের ও কাল্পনিক সমসাময়িক চিন্তাধারা। আমি আশাবাদী যে আপনি কিছুটা অবাক হবে যে আমার মতো তরুণ ছেলে এসব কি ভাবে।আমার জন্ম হয়েছে অত্যন্ত ধার্মিক নির্ম মধ্যবিত্ত পরিবারের তারা ইসলাম ধর্ম বিশ্বাসী ও প্রতিদিন নামাজ আদায় করে। ২০০৪ সালের মার্চ মাসের ২ তারিখে দিনটি ছিল শুক্রবার সেদিন সকাল ৮ টায় আমার জন্মে হয় নারায়ণগঞ্জ এর সৈয়দপুর গ্রামে আমার বাবার নাম মো. টিপু ও মতার নাম তাছলিমা বেগব। আমি কিছুটা বাবা কে পছন্দ করি না তাই আমার সকল আগ্রহ মা ও নানির বাসাতেই।এখানে আমার লেখায় ফুটে উঠবে আমার কিছু অস্বাভাবিক বোকা মানুষের মতো চাহিদা ও সরলতায় দৃষ্টিকোণ থেকে মানুষকে পছন্দ করা ও মানুষের কষ্টে নিজেকে খুঁজে বের করা। সত্যি বলতে মনটা আমার খুব নরম তবে একটু উদাসী মানুষ বটে আমি। আমি তেমন বন্ধু তৈরি ও পরিচিতি লাভ করতে আগ্রহী নই তবে আমি যদি কাউকে নিজের করে নেই তবে আমি তার জন্য জীবন দিতে প্রস্তুত বা তার কল্পনার বাহিরে আমি তাকে সাহায্য করতে প্রস্তুত। আমি খুবই দুঃখিত থাকলেও হাসতে পারি এটাই আমার বিশেষত্ব। আমি এছাড়াও খুব পরিবর্তনশীল ও সময় সাপেক্ষ নিজেকে পরিবর্তন করতে খুব পারদর্শী। আমি ভালোবাসি নতুন কিছু জানতে ও বুদ্ধিমান মানুষের সাথে পরিচয় হতে। আমার খুব বেশি প্রশ্ন করার সুযোগ নেই পরিবারে তবে আমি সময় পেলেই নারায়ণগঞ্জে গেলেই ব্যবসায়ী ও কর্মজীবী মানুষদের খুঁজ করি তাদের জীবন সংগ্রামে কথা শুনতে। আমার সুযোগ হয়েছে বহুবার অনেক বড় ব্যবসায়ীদের সঙ্গে কথা বলার তাই আপনি জানতে পারবেন ব্যবসায়ী ও আমার মধ্যে কথোপকথন কি হয়েছে। আমি ভালোবাসি কল্পনা করতে ও সাধারণ ঘটনা ব্যবহার করে বড় গল্প রচনা করতে। আমার রয়েছে আকাশ সমান স্বপ্ন ও ইচ্ছা যা আমার বেঁচে থাকার অনুপ্রেরণা দেয়। আমি পছন্দ করি হাঁটতে যেতে ও নদী তীরে নদীর পানির দিকে তাকিয়ে সময় অতিবাহিত করতে। যদি বিষয়টি হয় ভ্রমণের তাবে উষ্চাভিলাষী পরিকল্পনা।আমি যখন লেখছি তখন আমি কলেজে পড়ুয়া তরুণ যে সবেমাত্র শুরু করবে তার জীবন সংগ্রামে। আমি বর্তমানে HSC পরীক্ষা দিচ্ছি কদম রসুল কলেজ থেকে। তবে ছোট বেলা থেকেই আমার লেখালেখি করতে খুব ভালো লাগে তাই আমি সাহস করে শুরু করলাম।

6 August 2023

আজ দিনটা শুরু হলো ব্যস্ততা দিয়ে তবে আমি আজ তেমন কিছু করতে পারিনি যা আমি লিখবো এখানে। তবে আমি আজ আমার নিজের সম্পর্কে কিছু বলব। আমার ছোটবেলারটা কাটে অন্যান্য রকম ভাবে যদি

আমি বর্ণনা করি তবে এটা বলব আমার আত্মীয় স্বজনের মধ্যে অনেকেই বোকা বলতো আমাকে কারণ আমি আমার সময় বয়সীদের থেকে ব্যতিক্রম ছিলাম যেমন আমি সচরাচর কথা বলতাম না কারো সাথে ও আমার চেহারা ছিল ভোলাভালা দেখতে তাই তারা বোকা বলতো। তবে আমি এখনো জানি না কথা কম বলার সাথে বোকার সম্পর্ক কী**?** অপর দিকে কিছু মানুষ বলতো আমি খুব ট্যালেন্ট আর আমার বন্ধুরা আমাকে বিজ্ঞানী উপাধি দিয়েছিলো। আমার ছোটবেলা থেকেই একটু নতুন কিছু জানার আগ্রহ অনেক বেশি ছিল।

8 August 2023

আমি আজ কলেজে যাচ্ছি অনেক দিন পর আজ সম্ভবত মন উতলা কারণ সেই নদী সেই গ্রামে দেখব বহুদিন পর। আর আমি যদি বলি আমার বর্তমানে সবচেয়ে প্রিয় জায়গা ই নারায়ণগঞ্জ বন্দর ও আমার শহরের বুকচিরে বয়ে যাওয়া শিতলক্ষা নদী।

10 August 2023

আমি কিছুটা আশা হারা কন্ঠ বলছি আমি হয়ত যাকে একটু দেখার জন্য ঘন্টার পর ঘন্টা অপেক্ষায় রইলাম আজ আমি তাকে দেখতেই পেলাম না তাই কিছুটা হতাশ অনুভূতি লাগছে আমার মনে। আমি দিনর পর দিন অপেক্ষা করব তাকে দেখার জন্য এবং মাসের পর মাস অপেক্ষায় থাকব একটুখানি কথা বলার জন্য। সর্বোপরি আমি যে তাকে ভালোবাসা তা বলবো বছরের পর বছর পর। এরই মাঝে কেটে যাবে দীর্ঘ দিবস দীর্ঘ রজনি দীর্ঘ বারো মাস। হয়ত বা এটা হবে ব্যর্থ ভালোবাসা। আরে থাক আমি মনে হয় একটু বেশি চিন্তা করেছি তাকে নিয়ে সে তো আমাকে চিনেই না ভালো করে। আসলেই ভালোবাসা হলো অপেক্ষা বা আজীবন পাওয়ায় আশা। আমি বিশ্বাস করি যা আমরা তাড়াতাড়ি পাই তার মূল্য দিতে জানি আমরা।

অপেক্ষাটা হয়তো জীবিত মানুষের জন্য-ই মৃত মানুষের জন্য নয়।

জানি তুমি বুঝিবেনা কভু ভীরু আমার ভালোবাসা।

11 August 2023

আমি আজকেও তার জন্য প্রস্তুত হচ্ছি তবে পরীক্ষা আগত। আমি এখন আর পড়তে চাচ্ছি না আমার তাকে চাই মন যেন প্রেমের জন্য উতলা।

12 August 2023

ব্যাপারটা কিছু আজব শুনাবে আমি যদি বলি আমার তেমন বন্ধু নেই। তবে অনেকেই বলবে এটা সম্ভব নয়। তাই আমি ছোট করে ব্যাখ্যা করি আমার রয়েছে ৫,৭ জন যাদের বন্ধু বলা যেতে পারে কিন্তু আমি অন্য রকম বন্ধু চাই। যারা আমার কাছে থাকবে এবং যদি আমার রাত **2** টায় সাহায্য লাগলে সে সাহায্য করতে প্রস্তুত থাকবে।

I would rather walk with a friend in the dark, than alone in the light.

Helen Keller

16 August 2023

আজ আমি সকাল উঠেই পড়াশোনা শুরু করলাম। আমার মূল লক্ষ্য হচ্ছে কঠিন ও অচেনা বাংলা বানান শেখা। আমি আজ খুব ভালো পড়াশোনা করলাম কারন কাল থেকে **HSC** পরীক্ষা শুরু। আমি কিছুটা অবাক হলাম এই আমি কিভাবে এতো পড়াশোনায় আগ্রহী হলাম এবং চিন্তা করলাম এমন আগ্রহ যদি সব সময় থাকতো আমি নিশ্চিত কিছু না কিছু হতাম।

27 August 2023

আজ সকালে ঘুম থেকে উঠে তাড়াতাড়ি রওনা দিলাম পরীক্ষা কেন্দ্রের উদ্দেশ্যে। আমি আজ চিন্তা করলাম আজ তো সাপ্তাহিক হাটের দিন তাই আজ মাকে হাট দেখাই কারণ মা কখনোই সেই হাটে যায়নি এর পাশাপাশি আমার পরীক্ষার প্রথম দিন মা ও আমি একসাথে গেলে খারাপ হবে না তো। অবশেষে পরীক্ষা কক্ষের পৌঁছানোর পর দেখতে পেলাম আমি প্রথম বেঞ্চে বসব আমি কিছুটা বেজার না হয়ে অবাক হলাম কারণটা হলো আমি সকল বোর্ড পরীক্ষা প্রথম বেঞ্চে দিয়েছে তাই এটা কোনও বেপার না।

25 August 2023

আজ সকাল থেকে হিসাববিজ্ঞান পড়লাম অথচ পরবর্তী পরীক্ষা ছিল **ICT.**

26 August 2023

আজ আমি আর হিসাববিজ্ঞান পড়ব না আমি আগামীকাল এর পরীক্ষার পড়া পরব তাই আমি **ICT** পড়া শুরু করলাম তবে আমি কয় এক ঘন্টা পরে বুঝতে পারলাম **ICT** তেমন ছোট না আমার উচিত ছিল গুরুত্ব দিয়ে পড়া। এবং আজ রাতে **Google** থেকে **notification** আসলো **28** তারিখে আমরা বন্ধুর জন্মদিন। আমি ঠিক করলাম সে তো **offline** থাকবে তাই তাকে সিমে মেসেজ দিব।

17 August 2023

সকাল সকাল ঘুম থেকে উঠে আমি কিছুটা অবাক হলাম ও তাড়াতাড়ি মানসুরাকে জন্মদিনের শুভেচ্ছা লেখলাম। দিনটি ভালো কাটলো না **ICT** পরীক্ষা ভালো হলো না তাই আমি দুঃখ ভারাক্রান্ত মনে নদীর তীরে বসে থাকলাম অনেকক্ষণ তারপরে বাসার দিকে রওনা দিলাম।

28 August 2023

আজ হলো মানসুরার জন্মদিন ভাগ্যক্রমে সে অনলাইন ছিল এবং তার সাথে আমার কথা হলো। সে তার মনের কথা বলতে শুরু করল। সে কেমন ছেলেকে বিয়ে করবে। সে বললো ছেলে যেমন হোক না কেন ধনী হলেই চলবে। আমি তার কথা শুনে আমারও খুব ইচ্ছা হলো আমিও বিয়ের করব কিন্তু কেমন মেয়ে তা তো জানি না। তাই আমি অনেক কিছু ক্ষণ চিন্তা করে তাকে মেসেজ পাঠালাম কেমন মেয়ে আমার পছন্দ। আমি চিন্তা করি হুদাই বিয়ে করতেই মনে চায় না তো ছোট মানুষ বড় হলে করবো নে। আর আমি কি মানসুরার মতো এতো বুদ্ধিমান নাকি। তবে আজ মনে হলো আমি মন থেকে চাই তার মতো বুদ্ধিমান হতে তবে আমি হয়ত কখনোই পারব না। তার মধ্যে কি যে বিশেষ জন্মগত ট্যালেন্ট রয়েছে তা আমাকে মুগ্ধ করে। আমি বলতে পারি সে একদম আমার বিপরীত মানুষ তবে আমি তার মতো হতে চাই। মাঝে মাঝে মনে হয় আমি যদি তার মতো হতাম তবে তো কতকিছুই করতাম। আর আমি মনে করি মানুষ বড়ই আজব যার কাছে যা নেই তাই পেতে আকাঙ্ক্ষা বেশি। কিন্তু অবশেষে বলতে হয় মেয়ে মানুষ বেশি বুদ্ধিমান হলে ভালো না। আমি তো কখনোই তাকে ছাড়বো না এর মানে এই না যে তাকে বিয়ে করব বা ভালোবাসাব এই ভাবে কাছে রাখবো। তবে আমি তাকে বন্ধু হিসাবেই সারাজীবন ধারে রাখতে চাই আর কিছুই না। ঠিক মানসুরা আর জুই একরকম। জুই ছিল আমার সবচেয়ে কাছের বন্ধু দের মধ্যে একজন হাই স্কুলে পড়ার সময়কার তবে জুই এর সাথে আর কথা হয় না তার তো বিয়ে হয়েছে বছর খানিক আগে। হই স্কুলের জীবন সবচেয়ে ভালো ছিল।

কেও কারও মত হতে পারে না। সবাই হয় তার নিজের মত। তুমি হাজার চেষ্টা করেও তোমার চাচার বা বাবার মত হতে পারবে না। সব মানুষই আলাদা।

Humayun Ahmed

31 August 2023

আজকে দিনটি ছিল অবাক করার মতো অনেক ঘটনায় পরিপূর্ণ তবে আজ আমার মন চাচ্ছে না এই সব বিষয়ে লেখত। তবে একটা মজার ব্যাপার বলি। আজ আমার হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র পরীক্ষা ছিল এবং আমি পরীক্ষার কক্ষে পৌঁছাতে দেরি করলাম। আমি পরীক্ষা কেন্দ্রের কাছাকাছি সামনের রাস্তায় একটি মেয়েকে দাঁড়িয়ে থাকতে দেখলাম তার হাতে ছিল পরীক্ষার ফাইল বা তার বেশবোশাক

দেখে মনে হলো সে পরীক্ষার্থী তাই আমি সাথে সাথে হাতের ঘড়ির দিকে তাকিয়ে সময় দেখলাম অতঃপর দেখতে পেলাম পরীক্ষা শুরু হতে আর মাত্র **15** মিনিট এর কম বাকি। তাই আমি দয়া বসত থামলাম ও তার সাথে একটু কথা বলাম তারপর হঠাৎ তাকে বললাম পরীক্ষার সময় আর বেশি বাকি নেই তোমার কি পরীক্ষার সময় মনে নেই কিংবা গাড়ি পাচ্ছ না। সে মুচকি হেসে উঠল এবং বলতে শুরু করলো। নাহ আপনি যান আপনার মূল্যবান সময় নষ্ট করেছেন কেন আমি তো একাদশ শ্রেণীর। আমি এটা শুনার পর একটু অবাক হলাম ও সাথে সাথে দৌড় দিলাম সে আমার কার্যকলাপ দেখে হাসতাছে পিছনে তাকিয়ে দেখি। তবে আরেকটি ঘটনা বলতে মনে চাচ্ছে আমার পরীক্ষা কক্ষে আমার কার্যকলাপ দেখে স্যার বলে তুই একটু বেশি বলছো তর বিপদ আছে অনেক জীবন।

হতে পারে এটা আমার সাথে তার শেষ দেখা

তাই এতো ভেবে কী হবে সে যদি হারিয়ে যায়

1 September 2023

আজকে দিনটা ভালই লাগছে না পড়াশোনায় মন বসে না কারন আবার পরীক্ষা **5** তারিখ তাই। আমি আজ চিন্তা করতাছি পড়াশোনা শেষ করে আমি কী কাজ বা ব্যবসা করব তাই নিয়ে।

2 September 2023

আজ দিনটা শুরু হলো উদ্যম উত্তেজনা নিয়ে আমি আজ পড়াশোনা ভালো করে পড়বো কারণ **HSC** পরীক্ষা তো। তবে দিনটি শুরু হলো একটি **live class** দিয়ে কিন্তু কিছুক্ষণ পরেই আর মনোযোগ দিতে পারলাম না। তারপরে আমি বিরক্তিকর মনকে খুশি করার জন্য রাশিফল দেখা শুরু করলাম। কিছুটা আজব ব্যাপার আমার কেন জানি বেয়ে করতে মনে চাচ্ছে এই প্রথমবারের মতো তাই আমি ঠিক করলাম রাশিফল দেখব আমার সাথে কার বা কেমন মানুষ এর বিয়ে হবে বা হলে সংসার জীবন সুখী হবে নাকি। আমি একসময় ভাবলাম আমার যে মন আমি পৃথিবীর সবচেয়ে খারাপ মেয়ে কে ভালোবাসতে পারব ও সবচেয়ে দুঃখী মানুষের জীবনকে সুখের করতে পারব তাই আমি আর চিন্তা করলাম না বিয়ের ব্যাপারে। তারপরও আকাঙ্ক্ষা **Pisces and vigor** কেমন হবে এদের জীবন। পরে এটা খুঁজে পেলাম যে **Pisces** হলো **vigor** এর বিপরীত একটা রাশি।

3 September 2023

আজ দিনটা শুরু করলাম **Exactly What to Say** বইটা পড়ে। এটাও কিছু পাতা পড়ার পর আমার যে আর ভালো লাগছে না তাই আমি চিন্তা করছিলাম আমি **YouTube** থেকে কিছু বিনোদন নিব সেই সময়ই সমনে আসলো আহাম্মেদ ছফা এর বিষয়ে **video** আমি তৎক্ষণাৎ দেখা শুরু করলাম। আমি তার বিষয়ে শুনতে শুনতে হঠাৎ অনুভব করলাম এটা কেমন হয় আমি যদি একটা উপন্যাস লেখি। যেন চিন্তা সেই কাজ শুরু করলাম প্রস্তুতি নিয়ে নিলাম একটা উপন্যাস লেখার। আমার আজ ভাল লাগলো যখন হঠাৎ তানিয়ার দিকে তাকালাম। আমি এছাড়াও চিন্তা করছি আমর উপন্যাসটি কাহিনি ছোট করে মেলাব বা শেষ ও শুরু সম্পর্কে চিন্তা করলাম এমন সময় মনে হলো বুদ্ধিমতী তো রয়েছে মানসুরা থেকে কিছু বুদ্ধি চাই তবে দেলাম সে **offline.** তাই আমি আর চিন্তা না করে পড়তে বসলাম থাক আগে পড়ি পরীক্ষা শেষটা হলেই বাবা বহুদিন ছুটি তখন চিন্তা করবেন। আমি আজকেই উপন্যাস এর নাম ঠিক করলাম তা হলো "দীর্ঘ বিরতি" আমি ঠিক করেছি উপন্যাস লেখার আগে জুই বা মানসুরার সাথে কথা বলতেই হবে। এমন সময় দেখি রিফাইয়া আমার দিকে একনজরে তাকিয়ে থাকা তখনও আমার শরম লাগে।

আমি একদিন জিগ্গেস করলাম ওই সিনথিয়া এমন কে সবাই। সে বলে তর কথায় একটু মায়া মায়া ভাব আছে যা আমারো খুব মায়া লাগে।

সুন্দরীদের দেখার জন্য-ই আরো পাওয়ার জন্য নয় তাই সুন্দর মেয়েদের দিকে ছেলেরা তাকায়

4 September 2023

দিনটা শুরু করলাম আশানুরূপ ফল পাওয়ার উদ্যম উত্তেজনা ও চাঞ্চল্যকর মন নিয়ে। চিন্তা করলাম আজ লেখব মন খুলে তবে গত কাল যা লিখেছি তা আমার বিশ্বাস নিজের সর্বোচ্চটা দিয়ে চেষ্টা করে লিখেছি। আজকের দিনটা শুরু করলাম গীতাঞ্জলি পড়া দিয়ে। আজ বুঝতে পারলাম আমি খেয়াল না করলেও আমার পরিবার বুঝতে পারছে কত দিন ধরে আমি একটু বেশি বাসায় থাকছি না। এবং আমি ঠিক করেছি আজকের রাতের আমি আর হাঁটতে যাব না। আমার এখন একটি মজার কথা মনে হলো মা আমাকে অনবরত বলে থাকে আমার মতো ভোলা ভালা ছেলেকে নিয়ে সে দীর্ঘ অনিশ্চয়তা উৎকণ্ঠা থাকা কারণ সে বিশ্বাস করে মনে প্রাণে তার সরল মনের ছেলেকে কে যেন ফুসলিয়ে না নিয়ে যায় তার থেকে দূরে। আরো বলে এরকম মানুষদের মেয়ে পটানোর সমর্থ না থাকলেও মেয়েরা তাদের পটানোয় পারদর্শী। তবে সত্যি তো মাকে বুঝিয়ে বলার মতো সমর্থ আমার যে কখনোই তৈরি হবে না তাই আমি তাকে কীভাবে বলি আমি কোন মেয়ের জন্য তেমন আসক্তিতে পতিত হয়নি। আমি যদি বলি সকল নারীগণ একরকম বলতে তারা খুব সন্দেহবাদী সেটা মা হোক আর বোন আর যদি বন্ধু ও বউ হয় তবে তো কথাই নেই প্রতি পদে পদে সন্দেহ। তাদের মনে হয় পুরুষ মানুষদের উপর সন্দেহ ছাড়া পেটে ভাত হজম হয় না। আরেক কথা জানি না সত্যি কি না তবে অনেকেই বলে বোকা ছেলেরা প্রেম করে বিয়ে করে তার সম্ভবনা অধিক এবং বউ এর কথামতো চলে। আর তারা খুব শাশুড়ি পাগল হয়ে থাকে এমনকি মার থাকেও বেশি। তবে সর্বোপরি এটা বলতে হয় যে আমি বিশ্বাস করি বিজ্ঞ লোকেদের কথা কিছুটা সত্যি হয় যেমন আমি প্রেম করে বিয়ে করব এবং বউ এর কথামতো চলবে। সবাই একজন ভালো মানুষ চায় যে তাকে যত্ন করবে তবে দুঃখ ভারাক্রান্ত মনে বলতে হয় কেউ নিজে ভালো হতে চায় না। সবাই অপর থেকে অনেক বেশি আশা করে এবং অবশেষে নিজেই কষ্ট পায়। আর বলি না তো সরাসরি যে টাকার লোভ আমারও রয়েছে এটা অরাল করতে পারি খুব ভালো করে।

হয়ত কিছুই নাহি পাবো

তবুও তোমায় আমি দূর হতে ভালোবেসে যাব।

5 September 2023

এখন সকাল 6টা, এই কিছুক্ষণ হলো ঘুম ভেঙে। আজ পরীক্ষা দিয়ে আসর সময় নাঈম ডগ ইয়ার এর মালিক নাঈম সাহাবের সাথে কথা হলো সে বলো সময় পেলে তার এখানে মেতে। আজ হঠাৎ সামির এর ছোট বোন বললো আমাকে অপূর্ব ভাইয়া কফি খাও আমি বললাম আমি কফি বা চা খাই না। দুই মিনিট চিন্তা করে আমি ভাবলাম এতো ছোট মেয়ে হয়ে আমাকে কফি খাওয়াতে চায় আমি কেন নয়। তাই আমি বললাম তিনটি কফি দে একটি আমার আরেকটা সাবিহার আরেকটা প্রিয় বন্ধু সামিরের।

আরে আমার মনে বলেছে

লেখতে আমায়

বলতে যে আমি পারবো না

তুমি যে আমার মনের মত

হারিয়ে গেলে আর পাবনা

তাই তোমায় ছেড়ে দূরে থাকতে পারব না

6 September 2023

রাগের মাথায় কখনো কখনো অনেক বেশি বলে ফেলি। যা বড় অনুসূচনায় পতিত করে আমাকে। আমি হয়ত আমার ভুল বুঝতে পারছি তবে যে কষ্ট পেয়ে তার তো মন সহজেই ভুলতে পারবে না।

7 September 2023

পরিবারিক জীবন সুখী হওয়ার জন্য অবশ্যই কম হলেও সপ্তাহ একদিন বা ১০০ মিনিট সময় একসাথে কোনো মোবাইল ছাড়া থাকতে হবে, কথা বলতে হবে, মনের কথা শুনতে হবে, হাঁটতে যেতে হবে।

8 September 2023

আজ আমি কিছু একটার কমতি অনুভব করছি তবে জানি না কী সেটা। আমি যদি বলি আমার মনটা একটু খারাপ তবে কোন কারণ ছাড়াই তা বড়ই হাস্যকর শুনাবে নিশ্চয়ই সবাইর কাছে। আমি এমনিতেই সবাই কী ভাবলো তা নিয়ে চিন্তা করতে আগ্রহ নই। আমি আজ সকাল সকাল ঘুম থেকে উঠেই **The Notebook** উপন্যাস পড়া শুরু করলাম। বন্ধুত্ব যখন করব সত্যবাদী ব্যক্তির সাথে ই করব কারণ তার নিকট আমার মূল্যবান সম্পদ গচ্ছিত রাখলেও তা নিরাপদ রহিবে।

ভালোবাসা যখন ভাসবো মনটাই দেখে বাসব সম্পদ ও চেহারা দেখে নয়। বুদ্ধি যখন চাইব বুদ্ধিমান বন্ধুর নিকটেই শরণাপন্ন হব। বিবাহ যদি করিব বউ আর আমি সেরা বন্ধু হিসেবেই থাকিব।ভালোবাসা যখন বাসবো সারাজীবন ধারে এক রকমভাবে ই বাসবো। বিবাহ যখন বহুদিন পুরোনো হবো আমি তখনও নতুন এর মতো ভালোবাসার চেষ্টা করব এটাই আমার কর্তব্য। বিবাহ পুরাতন হতে পারে কিন্তু সম্পর্ক ও ভালোবাসা পুরাতন হতে পারে না কখনোই।

মহিলা কে তিচ্ছ তাচ্ছিল্য করলে কী হবে

বোউ বা মা এর পা ই আমার সুখ

10 September 2023

আজ আমার মন ভালো নেই কারণ আমি পরীক্ষার ফেল করব পরীক্ষা দেওয়ার পরেও পাশ করার পরেও। পরীক্ষা খাতার কোড নম্বর দেখতে পারিনি তাই। আমি জানি না এই ছোট ভুল আমাকে একটু কঠিন জীবন উপহার দিবে। সর্বোপরি আমি মনে করি আমার খাতা পাওয়া যাবে না তাই ফেল দিব এবং আমি হার মানবো না আমি আবারও ভর্তি হবো পরীক্ষা দিব।

আমায় যে বলতে হবে, না জানি কবে আবারো আসবে তুমি, দেখব কবে মোর আঁখি ভবে তোমার দূরে থাকে।

এগো তুমি বুঝবে কবে, আছো যে তুমি মোর হৃদয়ো গভীর

তোমার আশায় আমি গো থাকি বিরহের গানের সুরে ই মাঝে

খুঁজিব তবে মনের মাঝে একটু হাসি যদি তুমি হাসো গো আমি সাথে

ওগো তুমি বুঝিবে কবে রেখেছি তোমায় হৃদয়ো মন্দিরে

11 September 2023

আজ মার সাথে কথা কাটাকাটি হয়েছে কারণ আমার খুব খারাপ লাগে যখন কোন প্রশ্ন করার পরেও উঃ দিতে চায় না বা বুঝাতেই চায় না। জীবনে নতুন মাত্রা যোগ করতে হবে কিছু একটা করতেই নিজকে প্রমাণ করতে হবে।

সুখ এবং বিবাহ বিপরীত শব্দ অনেকেই বলে।

তবে আমি ব্যক্তিগতভাবে মনে করি,

কোন দুঃখী ব্যক্তি যদি মনে করে তারা জীবন আগের হতে আরো সুখের হবে বিবাহ করেলেই, তবে সে ভুল চিন্তা নিজেকে নিমজ্জিত করে রেখেছে।

সত্যি বলতে সুখ বিবাহর উপর সম্পূর্ণ নির্ভর করে না তবে আংশিক করে। ঠিক যেমন টাকার উপর সুখ।

14 September 2023

এই একটা চিন্তা করলাম গবেষণা করব।

15 September 2023

আজকে মনি ও আন্টি আসর কারণে মোবাইল ব্যবহার করি নি। মানসুরার মেসেজ দেখতেই পেলাম না অনলাইন থাকার পরেও। মানসুরার কী না কী মনে করবে। সত্যি বলতে আমার কোন দোষ নেই আমি যদি জানতাম মানসুরা মেসেজ করছে আমি সব কাজ ছেড়ে রিপ্লাই দিতাম। আজ রাফিজার সাথে পরিচয় হয়েছে কলেজ গ্রুপ হতে। আজকে সারাদিন মানসুরা কথা ভাবলাম।

16 September 2023

আজ সারাদিন এর অধিকাংশ সময় রাফিজার সাথে কথা বলে কাটালাম। আমার খুবই কষ্ট লাগছে তার মায়ের কথা শুনে। এমনিতে মনে হচ্ছে সে খুবই ভালো মেয়ে।

17 September 2023

আজ রাফিজার

হতে অনেক মূল্যবান উপদেশ পেলাম যা আমি এর আগে কখনও পাইনি। আজকে দিনটা অলস ভাবে কাটলো তবে আজকে অনেক কিছু পড়ার কথা ছিল। আজ ইসরাইলি আন্টি বললেন আমাকে সে ইলেকট্রনিক্স কাজ শিখতে তা তাদের দেশে খুবই দরকারি। সে আরো বলেন যে সে সাহায্য করতে পারবে কিছুটা তাদের দেশে চাকরি খুঁজতে। অবশেষে বলতে হয় রাফিজা মেয়েটি খুব ভালো এবং তার মন সরল। সে খুবই বুদ্ধিমতী মেয়ে এবং সাংসারিক মানুষ মনে হয়। তবে এরকম মেয়ে আমি দেখেছি খুব কম।

19 September 2023

সবাই হয়তো ভালো আমিই হয়তো নয়। আমার আরো বুদ্ধিমান হতে হবে।

24 September 2023

আমি এসেছি এই ভুবনে কিছু পেতে কিছু হারাতে। কিছু নাহি পাব তবুও আমি পাওঢ়খর আশায় বিরহ করিব। যা হঠাৎ আসে তা হঠাৎ হারিয়ে যায়।

29 December 2023

অনেক দিন হলো কিছু ই লেখি না কারণ কত যে উত্থান পতন গিয়েছে আমার জীবনে আর আর সুখকর নয় এবং আর তা বলবো না। আজ শুক্রবার আমি আজ কিছু দিন ধারে বুঝতে পিরছি রাফিজা আমাকে অবহেলা করছে এবং সেই মানসুরা তো এক মাস এর বেশি অবহেলা সহ্য করতে হচ্ছে। আর আজ খালাতো বোন এর সাথে তার জামাই ও আন্টি আর নানি আমাদের বাড়ির আসবে তাও অনেক আনন্দের ব্যাপার। আজ আমি

আর দুলাভাই এবং বোন আর তার মেয়ে আমরা বন্দর ও নারায়ণগঞ্জ ঘুরলাম এবং হাঁটলাম অনেক জায়গায় এছাড়া চুনকা পাঠাগারে গেলাম।

30 December 2023

আজ সকালে ঘুম থেকে উঠে ই তেমন কিছুই করলাম না তবে আজ রাতে রাফিজার সাথে মেসেজ করলাম এবং তাকে আমার দিন সম্পর্কে বললাম। আর আজ বিকালে সামির এর দোকানে বসে আছি তখন ই জাকারিয়া ভাই এসে বলে মিষ্টি খাওয়াতে তবে আমি ভুলে ই গিয়েছিলাম মিষ্টির কথা। আর মানসুরার সাথে কথা ই হয় না সে যেন ভুলেই গেছে আমাকে।

12 January 2024

আজ অনেক দিন পর মানসুরার সাথে অনেক কথা বললাম যা ঠিক আগের মতো। মানসুরা দুই তিন দিন ধরে আমাকে ধারাবাহিক ভাবে মেসেজ দিয়েছে কিন্তু আমি অনলাইনে ছিলাম না। সে তার বাবাকে অপছন্দ করে এবং সে আর তেমন মায় নাই বাবার কাছে তাদের মা বাবার বিবাহিত বিচ্ছেদ এর পর। সে বললো সে এক সময় তার বাবাকে অনেক ভালো বাসতো কিন্তু এখন আর না। তার মা বর্তমানে চাকরি করে দূরে থেকে এবং সে তার নানী বাড়ি থাকে। সে আজ বললো তার মতে প্রেম করা ভালো কিন্তু প্রেম করে বিয়ে করা ভালো না । সে আরো বললছে একজন পরিচিত মানুষের সাথে বিয়ে হলে আর কোন আগ্রহ থাকে না। আর যদি অপরিচিত মানুষ এর সাথে বিয়ে হয় তবে অনেক আগ্রহ থাকা। তবে খেয়াল করলাম কিছু সাপ্তাহ ধরে রাফিজা আর আগের মতো নেই আমার কাছে। আমি জানি না মানসুরার মনে কী চলে সে কী আমাকে পছন্দ করে নাকি না তাই আমি আর তাকে বলি ই নাই কখনো আমি যে তাঁকে ভালোবাসি।

13 January 2024

আমি আজ **franz kafka** এর সম্পর্কে অনেক ঘাঁটাঘাঁটি করে হতাশা হয়ে গেলাম তার জীবন দেখে।

নিরব হাসি

আমার চোখের নিচে কালো দাগ

মধ্যরাতের পর একা ভাবি

কাঁদি আশাহীন কান্না

আপনারা উত্তর দিবেন না

অন্তত আমি ভান করতে পারি

যে সবাই আমাকে ভালোবাসে

এটি একটি মিথ্যা ছাড়া কিছুই নয়

আমি মারা গেলে কি হবে?

মানুষ কি তাদের সময় নষ্ট করবে চোখের পানি ফেলতে

তাদের চোখে ঘৃণা

কারণ আমি একাকী

17 January 2024

কাল মানসুরা বললো তার আর ভালো লাগতাছে না তাই সে কোথাও ঘুরতে যাবে এটা তার ইচ্ছে। সে আজ বলে শনিবার সে ঘুরতে যাবে ঢাকা। আমি ভাবলাম " কেন তার থেকে দূরে থাকাই আমার জন্য মঙ্গল **?** " কারন তার যে চঞ্চলতা ভাব তা কিন্তু ভবিষ্যতে অনেক সমস্যা তৈরি করবে হয়তো। এছাড়া সে আরো বেশি মুক্ত কারন তার মা তাদের সাথে থাকে না তাই তার যা খুশী তাই করতে পারবে। মেয়েটি নষ্ট হয়ে যাবে হয়তো অনেক ছেলেই তো সুযোগ খুঁজে। আর এমনেতে সে অন্তত বুদ্ধিমতী মেয়ে তাই বড় বড় কাজ করে চুপচাপ বসে থাকবে। তবে তাকে কখনোই বন্ধু ছাড়া কিছুই বানাব না কারন এমন মেয়ে আমি ভয় পাই।

23 January 2024

আমার অনেক আবাক লাগে প্রথমে রাফিজা ও পরবর্তীতে মানসুরা আমার সাথে দেখা করতে চাইলো না। আমি আজ একটু দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে বসে ভাবছি নানি বাড়ির ও মার কারনে আমার হয়তো আর বিদেশ গিয়ে পড়াশোনা করার স্বপ্ন পূরণ হবে না। আমি আজ কেন জানি না ভাবি আমি মারা যাব নয়তো মা অসুস্থ।

1 February 2024

আজ রাফিজা বললো সে বিয়ে করে ফেলেছে। আমি কতটা ভালোবাসি তা তুমি বুঝতে পারবে কেমনে 🤐 আমি তোমার বিয়ের খবর শুনে ই যাওয়ার জন্য পাগলপারা হয়ে সেই তোমার বন্দর শহরে গেলাম যে তোমাকে যদি পাই। আমি হেঁটে হেঁটে দেখালাম রাস্তায় ও তোমার শশুর বাড়ীর এলাকা। আমি সেই রাতেই বেরিয়ে পরেছিলাম তোমার শহর দেখতে ও তোমাকে শেষ বার খুঁজতে। আমি জানতেন যে তুমি এবং তোমার স্বামীকে চোখের দেখা একবার দেখতে পারব না তারপরও সেই ছটফটানি মন তো তোমার উদ্দেশ্যে।

17 February 2024

এই মাস এর শুরু হতেই টাকা টাকা করতে করতে পড়াটাই যে হলো না। আর আমি খেয়াল করলাম আমি কিছুটা পছন্দ করি হিন্দু সম্প্রদায়ের এর কাহিনী সম্পর্কে।

23 February 2024

কিছু দিন ধরে ভাবছি একটা ব্যবসা দিব কৃষি সম্পর্কিত। আমি তো অবাক তখন রাফিজারে সিমে মেসেজ দিলাম এবং সে উঃ দিলো।

29 February 2024

মানুষের আশায় থাকলে হবে না। আজ তো আমার কথা ছিল সার্টিফিকেটের সংশোধন এর জন্য স্কুলে যাওয়ার তবে আশা করেছি আমার কাছে আছে **1** হাজার আর সামির বা মার থেকে নিব আরো **1** হাজার। তবে অবশেষে কার থেকেই সঠিক সময়ে টাকা পেলাম না। সময় চলে গেলে সবাই টাকা দিতে চায়।

5 march 2024

আজ জন্মদিন আমি কিছুটা নিরাশ যখন দেখতে পেলাম রাফিজা ও মানসুরা কেউই আমার জন্মদিনের শুভেচ্ছা পাঠালো না কারন তারা অফলাইনে। তবে পাঠালো আমেরিকা**,** ইসরাইল ও পোলেন্ড থেকে। আর আর আমি ভাবলাম এই অল্প বয়স থেকেই যদি ডাইবেটিস বহন করতে হয় এবং টাকার উপর বাঁচতে হয় তবে এই আল্লাহ ও এই শরীর লাগবে না। আমার বরং মরে যাওয়াই ভালো। আমি আমার রোগীর জন্য মাকে সবসময়ই দোষী। এবং ঠিক করেছি এই রোজার মাসে ই ইংরেজি শব্দ লিখে ফেলব।

11 March 2024

গোপনে সে আমায় ভালোবাসে**-**নুরুন নাহার লিলিয়ান এটা মুন্সীগঞ্জে এর কাহিনী। আজ মনটা ভালই লাগছে না কারন মানসুরার জন্য অপেক্ষা অনেক কথা বলতে চাই।

12 March 2024

আজ বিকাল **5** টার সময় ঠিক করছিলাম বোন এর অনুরোধে তার জন্য খাতা কিনে আনবে নারায়ণগঞ্জ থেকে। এটা ভাবতে ভাবতে রোওনা দিলাম এবং আসার সময় ইফতার এর আর দশ মিনিট বাকি দুই নম্বর গেট থেকে হাঁটতে হাঁটতে সেতুর কাছে এসে অট পেলাম অবশেষে। ঠিক তার কয় এক সেকেন্ড পর একটুখানি সামনের থেকে দুটি মেয়ে উঠলো। একটি মেয়ে বয়সে ছোট ঠিক যেন আমার ছোট বোন এর মতো এবং সে খুব ই চঞ্চল। সে লাফ দিয়ে উঠে ই তাড়াতাড়ি করে আমার পাশে ই বসলো খালি জায়গা থাকার সত্ত্বেও। আমি

তো নিরব ও নিস্তব্ধ ছেলে এমনকি তার দিকে তাকালাম ই না সে কিছু পর ইচ্ছে করে আমার দিকে তাকিয়ে এবং রাস্তার দিকে। আমি পূরপুরি বুঝতে পারলাম সে আমার সাথে কথা বলতে আগ্রহী এবং আমি যেন তাকে ভালো করে দেখি সে কেমন। আমি সারাটা পথ ই দেখলাম সে সটফট এবং তার ছেলে মানুষী। আমি খুবই চুপচাপ ও চিন্তাহীন ভাবে বসে আছি তবে ভিতর দিয়ে চিন্তা কখন যে ইফতার খাব এবং আযান হয়তো দিবে কয় মিনিট পর তাই আর মেয়েটার প্রতি আগ্রহী ছিলাম না। তারপর হঠাৎ সে নেমে দৌর দিয়ে চলে গেলো। এবং আজ রাতে রাফিজা মেসেজ দিলো।

18 March 2024

আমি গত শনিবার হাসনাবাদ শাহাদাত এর বাসায় এলাম সার্টিফিকেট সংশোধন কপি নিতে এবং আজ নিয়ে আসলাম।আমি ও শাহাদাত প্রথমে বকশিবাজারে গেলাম পরবর্তী তে গন্তব্য ঠিক করলাম **TSC** যাব। আমরা বুয়েট পার করে সোহরাওয়ার্দী উদ্যানে বসলাম অনেক্ষণ তারপর ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেট্রো রেল হতে শাহাবাগ মেট্রো স্টেশনে নামলাম রমনা পার্কে যাওয়ার জন্য। আমরা ইফতার করলাম রমনার মধ্যে ই। আজ রাতেই জুলেখা আপায় বললেন তার সার্টিফিকেট আনতে আগারগাঁও যেতে হবে।

20 March 2024

আমি শাহাদাত ও জুলেখা আপায় গেলাম আগারগাঁও মেট্রো ব্যবহার করে। আসার সময় আমার কারনে আমারা অতিরিক্ত সময় মেট্রোতে চলে বাংলাদেশ সচিবালয় স্টেশনে যাওয়ার কথা থাকলেও আমারা উল্টো দিকে উওরা যাই এবং তার জন্য জরিমানা করা হয় **300** টাকা আমাদের।

21 March 2024

আজ আমি ও শাহাদাত আপার সার্টিফিকেট নিব তাই রোওনা দিলাম তবে যেতে যেতে **4:36** হয় এবং অধিকাংশ সরকারি কর্মকর্তা চলে যান এবং ভাগ্য বসত তারপরেও একটা সার্টিফিকেট পাই। আমি আজ সারাদিন ই শাহাদাত কে এর জন্য দায়ী ভাবছি কারন সে রোওনা দিতে অনেক দেরি করেছে। আর অবশেষে আমারা সোহরাওয়ার্দী উদ্যানে ইফতার করে জাতীয় শহীদ মিনারে তাই ও পরবর্তীতে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে যাই। আমারি হেঁটে হেঁটে গুলিস্তান এসে দেখি বৃষ্টির কারনে জুরাইন এর বাস নেই তাই শাহাদাত ঠিক করলো লেগুনা দিয়ে যাবে। এবং ছোট কথা কাটাকাটি তে আমি জিদ করে তাকে রেখে হাঁটতে শুরু করলাম বাড়ির দিকে এবং আমি জানতাম না সেও আমার পিছু নিয়েছে এবং অবশেষে আমারা দুজনেই দুই পথে হাটলাম। আমি আসলাম গেন্ডারিয়ার পথে সে আসলো অন্য পথে আমাকে খুঁজতে খুঁজতে।

26 March 2024

আজ কিছু দিন ধরে মন উতলা প্রেম করার জন্য। কারন আমি কথা বলতে চাই ও সময় কাটাতে চাই। এখন যে একটা সহানুভূতি তা এর আগে কখনো ই হয় নাই প্রেম ভালোবাসার জন্য।

28 March 2024

আজ **Facebook group** এর **comment** এর মধ্যেমে মায়া মনি নামের একটি মেয়ের সাথে পরিচয় হয়।

1 April 2024

আজ আমি সম্পূর্ণ আবাক যখন দেখি " মায়া মনি " আমাকে **best friend** বললো। এবং তার সাথে অনেক কথা বলি আমার অনেক ভালো লাগছে।

3 April 2024

আজকে ডাক্তার দেখানো জন্য ভিক্টোরিয়া হাসপাতালে যাই আর সেখানে থাকার অবস্থায় আমি অনেক মেসেজ করি মায়া মনির সাথে। আর আজ জীবনের প্রথম কোন মেয়ের সাথে কলে কথা বললাম।

8 April 2024

আমারে জীবনে প্রথম কেউ বললো " ভালোবাসি ভালোবাসি ভালোবাসি আমি আমার বেস্ট ফ্রেন্ড অপূর্ব কে অনেক ভালোবাসি " মায়া মনি কে আমিও সবচেয়ে বেশি ভালোবাসি। তবে আজ মায়া মনি নারায়ণগঞ্জ থেকে সপরিবারে কুষ্টিয়া যাচ্ছে খালার বাসায়।

9 April 2024

আজ সকালে আমার ঠোঁট থেকে রক্ত বের হতে শুরু করে অনেক তাই আমি এবং মায় হাসপাতালে যাই এবং পরীক্ষা করে দেখি আমার টিউমার হয়েছে ও তাড়াতাড়ি অপরোশোন করতে হবে।আমি তাই ভিবছি ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে যাব তবে কাল থেকে শুরু হচ্ছে সরকারি ঈদের ছুটি। আমি ভাবলাম এমন একটা সময় আমি ভালোবাসা প্রেলাম তখন আমি জীবনে শেষ প্রান্তে এসে পৌঁছেছি।

17 April 2024

আজ মায়া মনির সাথে প্রথম দেখা না। আমি রোওনা দিলাম **11.30** এ এবং আমাদের **12** টিয় দেখা হবে **5** নম্বর ঘাট এ। আমি অবশেষে তার সাথে দেখা করলাম এবং তার হাতে হাত ধরে প্রথমে একটু হেটে

রেলস্টেশন হবে থাকলাম তারপর সে চাষাড়া শহীদ মিনারের দিকে হাঁটতে হাঁটতে যেতে চাইলো আমরা হাঁটতে হাঁটতে শহীদ মিনারে বসলাম একটু তারপর একটা রিকশায় করে শেখ রাসেল পাক এলাম ও সেখানে অনেক সময় কথা বললাম ও হাটলাম। তাকে চুড়ি ও ঘড়ি কিনে দিলাম।

2 September 2024

আজ আমি আব্বুর সাথে রাগ করে জিদে সারারাত বাড়ির বাইরে রাস্তায় থাকি নারায়ণগঞ্জ রেলওয়ে স্টেশন ও ২ নম্বর গেট।

18 September 2024

আজ থেকে পড়াশোনা শুরু তাই সাত দিনের জন্য **YouTube Facebook IMO WhatsApp** সব **block** করে শুরু করলাম **IELTS coaching centre** যাওয়ার আগে **English spelling mistake** সংশোধন এর পড়াশোনা। ২৬ তারিখ হতে **class** শুরু।

20 September 2024

আজ আমি খুব চিন্তিত আমার ভবিষ্যৎ নিয়ে। আমি কিছু দিন হলো ১৫ হাজার টাকা দিয়ে **IELTS Bangladesh** এ ভর্তি হলাম আগামী ২৬ তারিখ হতে শুরু রবি মঙ্গল বৃহস্পতি বার হবে **class.** তবে আমি **IELTS** এ যদি **6.5** পাই তবুও আমার **academic results** দিয়ে তত সহজেই কোন **university** তে ভর্তি হতে হয়তো পারবে না তাই **IELTS score 7** হতে হবে এবং **extra curriculum activity** করতে হবে অবশ্যই। তাই আমি চিন্তা করে পেলাম আমি **biography** নিয়ে লেখব তা প্রথম করব আলমাছ আলি এর।

24 September 2024

আর ঠিক মনে আছে মায়া মনি ছিল আমার প্রথম পরিপূর্ণ ভালোবাসা তবে সে হঠাৎ এসে হঠাৎ চলে গেছে এর মধ্যে ঝুমা নামের একটা বন্ধুর সাথে পরিচয় হয়। আমি খুব হতাশ আমার ভবিষ্যৎ নিয়ে কারন আমি যখন বুঝতে পারতাছি আমার **poor academic performance** দিয়ে অনেক কঠিন হতে পারে **university** যে ভর্তি হোওয়া তাই আমি কী সফল হতে পারব তা নিয়ে হতাশ। আমি পড়াশোনা ও ভবিষ্যতের দিকে মনোযোগ দিয়ে সব মানুষের সাথে থাকে নিজের সরিয়ে নিয়েছি কার সাথে ই অনলাইনে কথা বলি না। কেন জানি না কিছু মাস ধরে আমার হঠাৎ রাতে ঘুম ভেঙ্গে নিজেকে একা একা অসফল লাগে আর আমার আত্মহত্যা প্রবণতা দেখা দেয় এছাড়াও আমি হয়তো আয় বছর ধরে ডায়বেটিস নিয়ন্ত্রণে চেষ্টায় আমি ক্লান্ত। আর হঠাৎ মনে হলো রাফিজার বিয়ে হয়ে গেছে ফেব্রুয়ারীতে এবং শুনলাম সে স্বামীর সাথে আলাদা ভাড়া থাকে তা আমাকে মর্মাহত করেছে। আমি কেন জানি এখনো দুটানা মায়া মনি কে নিয়ে এক মন বলে তির সাথে সব কিছু ঠিক হোক এবং আরেক মন বলে ঠিক হবার দারকার নেই সে চরিত্রহীন নারী।

Tajul Isalm Apurbo

About Me

Tajul Isalm Apurbo (Bangla: তাইজুল ইসলাম অপূর্ব ; Born on March 2, 2004) Apurba grew up in a Bengali family in Narayanganj district of Dhaka division of Bangladesh.

Personal Information

English Name: Tajul Isalm Apurbo

Bangla name: তাইজুল ইসলাম অপূর্ব

Date of Birth: 2 March 2004

Address: Narayanganj, Dhaka, Bangladesh

Phone: +8801988290547

Email: tajulisalmapurbo@gmail.com

Education

Primary School

Degree: PEC

Institution: Sayedpur Government primary school

Year: 2009-2014

High School

Degree: JSC & SSC

Institution:Sayedpur Bangabandhu High School

Year: 2015-2020

First College

Degree: Dropout

Subject: Humanities

Institution: Govt. Hazi Ibrahim Alamchan Model School and College

Year: 2021

Second College

Degree: HSC

Subject: Business studies

Institution: Govt. Kadam Rasul University College

Year: 2022 - Present

Social Media

[Facebook]

[YouTube]

[Twitter]

[LinkedIn]

[Archive]

Family DATA

Nationality: BANGLADESHI

Father's Name: MD TIPU

Mother's Name: MST TASLIMA BEGUM

Address: SAYEDPUR KADAMTOLY, NARAYANGANJ SADAR, NARAYANGANJ SADAR-1400, NARAYANGANJ

Telephone No: +8801971804519